“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
e-mail: vwb.dwa@gmail.com

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৮.০২.২১৮.২২-১৯১৮

তারিখ: ১৪ /১১/২০২২ খ্রি:

বিষয়: **মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের উপকারভোগী নির্বাচনের জন্য অনলাইন আবেদন এবং প্রচার প্রচারণা সম্পর্কিত ভিডিও, অডিও এবং ব্যবহারিক নির্দেশনাসহ আবেদনের সময়সীমা বৃদ্ধি প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন **ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি)** কার্যক্রমের আওতায় (পূর্বের ভিজিডি কর্মসূচি) ২০২৩-২০২৪ চক্রে উপকারভোগী নির্বাচনের জন্য ইতোমধ্যে এ সংক্রান্ত পরিপত্র, নির্দেশনা পত্র, লিফলেট, কাটআউট (প্রচার প্রচারনার জন্য) মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। এ কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্রে উপকারভোগী নির্বাচনে অনলাইন আবেদন গ্রহণ শুরু হয়েছে। যেভাবে আবেদন করতে পারবেন:

- ব্রাউজ করুন www.dwavwb.gov.bd
- গুগোল প্লে ষ্টোর থেকে “VWB” মোবাইল অ্যাপ ডাউনলোড করে, অ্যাপ এর মাধ্যমে
- এটুআই এর www.mygov.bd অথবা ৩৩৩ নম্বরে কল দিয়ে

উল্লেখ্য যে, ইতোমধ্যেই এটুআই এর প্রকল্প পরিচালক সকল উপজেলা নির্বাহী অফিসারকে একটি নির্দেশনা প্রদান করেছেন যা অত্র সাথে সংযুক্ত করা হলো।

**পাশাপাশি প্রচার ও প্রচারণার জন্য এবং আবেদন সংক্রান্ত ব্যবহারিক নির্দেশিকা, ভিডিও এবং ডকুমেন্ট পাওয়া যাবে:**

- ভিডব্লিউবি ওয়েব সাইটের অ্যাপ্লিকেশন বোর্ডের নিচে যে আবেদন নির্দেশিকাগুলো রয়েছে সেখানে ভিডিও গুলোও রয়েছে।
- রয়েছে জিঙ্গেল সহ (৫টি স্থানিয় ভাষায়) ঘোষণার অডিও যা আপনারা ডাউনলোড করে মাইকিংএর জন্য মোবাইল ফোন বা কম্পিউটার এর মাধ্যমে চালাতে পারবেন।
- ভিজিডি থেকে ভিডব্লিউবি কার্যক্রমের নাম পরিবর্তন এবং ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী নির্বাচন সম্পর্কিত একটি ভিডিও যা আপনারা স্যোসাল মিডিয়াসহ স্থানীয় কেবল নেটওয়ার্ক এর মাধ্যমেও প্রচার করতে পারবেন।
- উল্লেখ্য যে, প্রতিটি ভিডিও এবং অডিওই ডাউনলোড করা যাবে যা আপনারা আপনাদের ফোন এবং ল্যাপটপ/কম্পিউটারে সংরক্ষিত রাখতে পারবেন এবং প্রয়োজন মত ব্যবহার করতে পারবেন।

**কিছু কারিগরী সমস্যার কারণে সঠিক সময়ে যেহেতু আবেদন গ্রহন করা সম্ভব হয়নি, সে জন্য আগামী ২৫ নভেম্বর, ২০২২ তারিখ পর্যন্ত আবেদন গ্রহনের সময়সীমা নির্দেশক্রমে বর্ধিত করা হলো।**

শারমিন
১৪/১১/২০২২
(শারমিন শাহীন)
উপপরিচালক (ভিডব্লিউবি)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
☎ ৪৮৩১২২৭৭

উপপরিচালক (সকল জেলা)
মহিলা বিষয়ক অধিদপ্তর

(উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসারকে অবহিত এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ।

সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. জেলা প্রশসাক (সকল জেলা)
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)
৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার............. উপজেলা ................ জেলা।
৪. প্রতিনিধি, বিশ্ব খাদ্য কর্মসূচি, ঢাকা, বাংলাদেশ।
৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. পরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
মাইগভ টিম
www.a2i.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.২৯.০০৭.২২.৭৯

তারিখ: ২২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ / ০৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: '২০২৩-২০২৪ ভিডাব্লিউবি চক্রে অন্তর্ভূক্তির আবেদন' অনলাইনে মাইগভ প্ল্যাটফর্ম ও ভিডাব্লিউবি এমআইএস এর মাধ্যমে গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে ও এটুআই প্রোগ্রামের উদ্যোগে জনগণের দোরগোড়ায় সরকারের সেবাসমূহ পৌঁছে দেয়ার লক্ষ্যে 'মাইগভ' প্ল্যাটফর্ম ব্যবহার করে মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থার সেবাসমূহকে ডিজিটাল সেবায় রূপান্তর এবং সেবাসমূহ কাঙ্ক্ষিতমানে পরিচালনে বিশদ কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ২০২৩-২০২৪ চক্রে **'ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি)** (পূর্বের ভিজিডি) অন্তর্ভূক্তির আবেদন ভিডাব্লিউবি এমআইএস এর পাশাপাশি **'মাইগভ'** www.mygov.bd প্ল্যাটফর্মের মাধ্যমে গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

০২। আগামী ০৭-২০ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত সুবিধা প্রত্যাশি অস্বচ্ছল মহিলাদের নিকট হতে ভিডব্লিউবি-তে অন্তর্ভূক্তির প্রাথমিক আবেদন অনলাইনে ভিডাব্লিউবি এমআইএস এর পাশাপাশি **'মাইগভ'** www.mygov.bd প্ল্যাটফর্মের মাধ্যমে গ্রহণ করা হবে। উক্ত সেবার আবেদনকারী নিজে অথবা **ইউডিসি উদ্যোক্তা, জাতীয় হেল্পলাইন-৩৩৩, তথ্য আপা** কিংবা **কম্পিউটার পরিসেবা প্রদানকারীর** সহায়তায় আবেদন করতে পারবেন। আবেদন ফর্ম পূরণের সুবিধার্থে **ইউডিসি উদ্যোক্তাগণ** এবং **কম্পিউটার পরিসেবা প্রদানকারী উদ্যোক্তার** জন্য মাইগভ ব্যবহার বিষয়ক নির্দেশনা সম্বলিত **আবেদন প্রক্রিয়ার ভিডিও টিউটোরিয়াল (ভিডিও শিরোনামঃ ২০২৩-২০২৪ ভব্লিউবি চক্রে অন্তর্ভূক্তির আবেদন, ভিডিও লিংকঃ** https://www.youtube.com/watch?v=WK8O5bAWq_8) এবং **ফ্লো-চার্ট** সংযুক্ত করা হলো। উল্লেখ্য ভিডাব্লিউবি এমআইএস এর নির্দেশিকা ইতোমধ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর হতে প্রেরণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, ভিডাব্লিউবি এমআইএস এর পাশাপাশি **২০২৩-২০২৪ চক্রে ভিডাব্লিউবি অন্তর্ভূক্তির আবেদন 'মাইগভ'** প্ল্যাটফর্মে অনলাইনে দাখিল করার সুবিধার্থে ইউডিসি উদ্যোক্তাগণ এবং কম্পিউটার পরিসেবা প্রদানকারীদের **ভিডিও টিউটোরিয়াল ও ফ্লোচার্ট** অনুযায়ী মাইগভ এর মাধ্যমে আবেদন দাখিলের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭-১১-২০২২
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
০১৭১৫৬১৬৬৪৯
dewanmhk@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.২৯.০০৭.২২.৭৯ /১ (৮)

তারিখ: ২২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ / ০৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
২। সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ ;
৩। সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
৪। সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;
৫। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর;
৬। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), তথ্য আপা, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ বেইলী রোড, ঢাকা।;
৭। বিভাগীয় কমিশনার (সকল) এবং
৮। জেলা প্রশাসক সকল।